

এসডিজি বিষয়ক আইইআর-এর জাতীয় সম্মেলন
শিক্ষার মান উন্নয়নে কাজ করছে সরকার- শিক্ষামন্ত্রী

ঢাকা, ৩১ মার্চ ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার মানোন্নয়নে ও শিক্ষা বিষয়ক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। শিক্ষার গুণগত মান ও সার্বিক উন্নয়নে নিরন্তর কাজ করছে সরকার। তিনি বলেন, ২০৩০ সালের মধ্যে শিক্ষার মান উন্নয়ন, সবাইকে শিক্ষার আওতায় নিয়ে আসা অর্থাৎ অন্তর্ভুক্তিমূলক শিক্ষা এবং জীবনব্যাপী শিক্ষণ হল শিক্ষার এসডিজি বিষয়ক লক্ষ্যমাত্রা।

শিক্ষামন্ত্রী আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'বাংলাদেশে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন: শিক্ষায় করণীয়, চ্যালেঞ্জ এবং সম্ভাবনা' শীর্ষক দু'দিনব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর) এ সম্মেলনের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশে শতকরা ৪০ ভাগ ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়। দ্বাদশ শ্রেণি পর্যন্ত মেয়েরা বিনা বেতনে পড়ার সুযোগ পাচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ ভর্তি নিশ্চিত হয়েছে। ঝরে পড়ার হার অনেক কমেছে। শিক্ষা অবকাঠামো উন্নয়নেও অনেক এগিয়েছে বাংলাদেশ। তিনি বলেন, শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে। এজন্য আমাদের সবচেয়ে বড় দরকার মানসম্পন্ন শিক্ষক। এজন্য শিক্ষক তৈরির জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষা ও উদ্যোগ প্রয়োজন। বাংলাদেশে শিক্ষক তৈরির শিক্ষার প্রয়োজনীয়তা তুলে ধরেন শিক্ষামন্ত্রী।

আইইআর-এর পরিচালক প্রফেসর সৈয়দা তাহমিনা আখতারের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান কাজী এম আমিনুল ইসলাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মো. আবুল কালাম আজাদ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, ইউনেস্কো ঢাকা কার্যালয়ের শিক্ষা বিষয়ক প্রধান মিজ সান লেই এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য ড. ইউসুফ আলী মোল্লা। উদ্বোধন অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোহাম্মদ তারিক আহসান।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯